

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলে শিক্ষার্থীদের আগুন নিয়ন্ত্রণের প্রশিক্ষণ দিয়েছে বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স। গতকাল শনিবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের ছাত্রী হলে এ মহড়া অনুষ্ঠিত হয়।

advertisement 3

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হকের আমন্ত্রণে ফায়ার সার্ভিসের কর্মীরা এ অগ্নিনির্বাপণ মহড়া পরিচালনা করেন। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ঢাকা জোন ১-এর কমান্ডার মো. বজ্রুল রশিদের নেতৃত্বে হলের শিক্ষার্থীদের সরাসরি, ভার্চুয়ালি এবং প্রেজেন্টেশনের মাধ্যমে অগ্নিনির্বাপণ শেখানো হয়।

advertisement 4

প্রশিক্ষকরা অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ এবং তাৎক্ষণিক পদক্ষেপের বিষয়ে শিক্ষার্থীদের মাঝে সচেতনতামূলক সর্তর্কতা কৌশল দেখান।

এ সময় উপস্থিতি ছিলেন হল প্রভোস্ট অধ্যাপক ড. শামীমা বেগম এবং প্রফেসর অধ্যাপক ড. মোস্তফা কামালসহ অন্য শিক্ষক ও শিক্ষার্থীরা।

উল্লেখ্য, গত ১৯ সেপ্টেম্বর জবির একমাত্র ছাত্রী হলের ১৩ তলায় রান্নাঘরে আগুন লেগে যায়। ওই ঘটনায় অনেকেই ভয়ে হল ত্যাগ করে নিচে নেমে আসে। ওই ঘটনায় কেউ হতাহত না হলেও আগামীতে যাতে অগ্নি দুর্ঘটনা এড়াতে সর্তর্ক থাকা যায়, সে জন্য এ প্রশিক্ষণের আয়োজন করা হয়।